

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ১৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ : ১৮ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/০২ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০২.১১.২৬৮।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এ উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে Linde Bangladesh Limited এর তেজগাঁও, নারায়ণগঞ্জ এর রূপগঞ্জ, সীতাকুন্ড এর শীতলপুর, খুলনার লবনচরা এবং সমগ্র বাংলাদেশে ১৮টি উৎপাদন ও বিপণন কেন্দ্রে অবস্থিত কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪ (১) এর প্রয়োগ হতে শর্তসাপেক্ষে ০১ নভেম্বর ২০১৭ হতে ৩০ এপ্রিল ২০১৮ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য নিম্নোক্ত শর্তে অব্যাহতি প্রদান করিল :—

শর্তাবলি :

- (১) কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০(ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না।
- (২) অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে।
- (৩) প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- (৪) কেবলমাত্র স্বেচ্ছায় আত্মহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।
- (৫) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

২। ইহা ১৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
শাকিলা জেরিন আহমেদ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৬৮৪৯)

মূল্য : টাকা ৪.০০